

**প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা
 ঝালকাঠির ১৮ শিক্ষার্থীর খাতা
 মূল্যায়নে অনিয়ম প্রমাণিত**

প্রতিনিধি, ঝালকাঠি

২০১১ সালের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় ঝালকাঠি সরকারি উচ্চবিদ্যালয়ের ১৮ শিক্ষার্থীর ইসলাম ধর্মের খাতা মূল্যায়নে ওরফতর অনিয়ম ও দায়িত্বে অবহেলার প্রমাণ পেয়েছে তদন্ত কমিটি।

তদন্ত কমিটি গত ১৫ জানুয়ারি ইউআরসি/সদর-খাল/২০১২/১৪৯ নং স্মারকে তাদের দেয়া প্রতিবেদনে অভিযোগের সত্যতা পাওয়া গেছে মর্মে উল্লেখ করে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেন ও বিজ্ঞপীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেন।

শিক্ষার্থী ও অভিভাবকদের অভিযোগ, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় সরকারি উচ্চবিদ্যালয়ের যেধাবী ১৮ জন ছাত্র অন্য ৫টি বিষয়ে এ গ্রাম পেশেও শুধু ইসলাম ধর্ম বিষয়ে নাথার বৈষম্যের কারণে জিপিএ-৫ সহ বৃত্তি বঞ্চিত হয়েছে। কোমলমতি এ সব শিশু শিক্ষার্থীরা বিদ্যালয়ের পরীক্ষায় ইসলাম ধর্মে ১০ থেকে ৯৫ নম্বর পেলেও সমাপনী পরীক্ষায় নাথার বৈষম্যে ঘটনায় মানসিকভাবে ভেঙ্গে পড়েছে।

তদন্ত কমিটি সূত্র জানায়, সদর উপজেলা চেয়ারম্যান সৈয়দ রাফিক সেলিম অভিযোগের ভিত্তিতে মো. জাফর ইসলামকে আহ্বায়ক করে ৫ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। ১৮ ছাত্রের ইসলাম ধর্ম খাতা মূল্যায়নের দায়িত্ব সার্বভৌম

সংশ্লিষ্ট শিক্ষকের ওরফতর অনিয়ম ও দায়িত্বে অবহেলা তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। এছাড়া উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ২৩ জানুয়ারি সোমবার এ বিষয়ের বরিশাল প্রাথমিক শিক্ষা বিভাগের সহকারী পরিচালক ফরহাদ আলম ও শিক্ষা অফিসার লাইজু আক্তার এ অনিয়মের উত্তরপত্রের নিরীক্ষক ১৯ শিক্ষকের বক্তব্য গ্রহণ করেছে।